



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং : মাউশিবোদি/পনি/পরী:/এসএসসি/২০১৮/২৩৮২(১০)

তারিখ : ০৬/০২/২০১৮ খ্রি.

বিষয়ঃ শারীরিক শিক্ষা (১৪৭), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১৫৪) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়ের ব্যবহারিক/CA পরীক্ষা গ্রহণ ও নম্বর প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৮ সালের এসএসসি পরীক্ষায় যে সকল পরীক্ষার্থীদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১৫৪) বিষয় আছে তাদের ব্যবহারিক পরীক্ষা এবং শুধুমাত্র ২০১৬-২০১৭ সালের শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীদের শারীরিক শিক্ষা (১৪৭) ও ক্যারিয়ার শিক্ষা (১৫৬) এই ০২ টি বিষয়ের CA পরীক্ষার নম্বর নিম্নে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে প্রেরণ করতে হবে।

- ০১। প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান নিজ নিজ প্রতিষ্ঠানের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১৫৪) বিষয়ের ব্যবহারিক পরীক্ষার নম্বর এবং শুধুমাত্র ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীদের বর্ণিত ০২টি বিষয়ের CA নম্বর নিজ নিজ প্রতিষ্ঠান সঠিকভাবে প্রস্তুত করে সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রে আগামী ২৮/০২/২০১৮ তারিখের মধ্যে সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রে জমা দিয়ে প্রাপ্ত স্বীকার গ্রহণ করবেন।
- ০২। বিষয়ভিত্তিক প্রাপ্ত নম্বর প্রকাশিত ছক অনুযায়ী ০৩ (তিন) সেট নম্বর ফর্দ তৈরি করে ০২ (দুই) সেট সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের সচিবের নিকট জমা দিয়ে প্রাপ্ত স্বীকার গ্রহণ করবেন এবং ০১ (এক) সেট নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করবেন।
- ০৩। কেন্দ্র সচিবগণ কেন্দ্রভুক্ত প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে বর্ণিত ০৩টি বিষয়ের প্রাপ্ত নম্বর www.dinajpurboard.gov.bd-এর SSC Practical/CA Mark এই Option ব্যবহার করে ১০/০৩/২০১৮ তারিখের মধ্যে Online-এ প্রেরণ নিশ্চিত করবেন। কেন্দ্র সচিবগণ প্রতিষ্ঠান থেকে পাওয়া নম্বরফর্দের ০১ (এক) সেট এবং Online-এ Entry করার পর প্রাপ্ত হার্ড কপি ০১ (এক) সেট কেন্দ্রের মালামাল জমাদানের সময় শিক্ষা বোর্ডের পরীক্ষা শাখায় জমা দিয়ে প্রাপ্ত স্বীকার গ্রহণ করবেন। ০১ (এক) সেট করে নম্বরফর্দ ও হার্ড কপি কেন্দ্রে সংরক্ষণ করবেন।
- ০৪। উল্লেখ্য অনিয়মিত পরীক্ষার্থীদের বর্ণিত ০৩টি বিষয়ের পরীক্ষা গত বছরের ন্যায় অনুষ্ঠিত হবে এবং নম্বরসমূহ একই নিয়মে কেন্দ্রের মাধ্যমে Online-এ প্রেরণ করতে হবে।
- ০৫। অন্যান্য বিষয়ের ব্যবহারিক পরীক্ষার নম্বর গত বছরের ন্যায় Online-এ প্রেরণ করতে হবে।

বিষয়টি অতীব জরুরি।

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন

সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান।

মোঃ তোফাজ্জুর রহমান

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।

ফোন : ০৫৩১-৫১৮৮১(অফিস)

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ০১। কেন্দ্র সচিব, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র।
- ০২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ০৩। অফিস কপি।

